হৃদয়ে   ছিলে জেগে,
দেখি আজ   শরতমেঘে ॥
কেমনে   আজকে ভোরে   গেল গো   গেল সরে
তোমার ওই   আঁচলখানি   শিশিরের   ছোঁওয়া লেগে ॥
কী-যে গান   গাহিতে চাই,
বাণী মোর   খুঁজে না পাই ।
সে যে ওই   শিউলিদলে   ছড়ালো   কাননতলে,
সে যে ওই   ক্ষণিক ধারায়   উড়ে যায়   বায়ুবেগে ॥

---

Parjaay: Prakriti / Sharat, Taal: Ektaal, Raag: Alahia-Bilabal
Visit www.geetabitan.com for notation and other detail